

ফের পেছাল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

বেরোবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

শিক্ষার্থীদের বিভিন্ন দাবির পরিপ্রেক্ষিতে বেগম
রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) প্রথম
সমাবর্তন স্থগিত করেছে প্রশাসন। সোমবার (৮
ডিসেম্বর) বিকেলে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ,
তথ্য ও প্রকাশনা দপ্তরের সহকারী পরিচালক
মো. এহতেরামুল হক সই করা এক সংবাদ
বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রবিবার সমাবর্তন কমিটির
সভা শেষে বিশ্ববিদ্যালয় প্রশাসন এ সিদ্ধান্তের
বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানিয়েছে।
সমাবর্তনের রেজিস্ট্রেশন তারিখ পুনর্নির্ধারণ,
রেজিস্ট্রেশন ফি কমানোসহ বেগম রোকেয়া
বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের

বিভিন্ন দাবিদাওয়া বিবেচনায় প্রশাসন এই
সিদ্ধান্ত নিয়েছে।

পাশাপাশি আসন্ন জাতীয় নির্বাচনের সার্বিক
পরিস্থিতিও সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

এতে আরো বলা হয়, অংশগ্রহণকারী
শিক্ষার্থীদের স্বার্থ, সার্বিক নিরাপত্তা এবং
অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের স্বার্থেই
সমাবর্তনের নির্ধারিত তারিখ আপাতত স্থগিত
করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এ বিষয়ে সমাবর্তন কমিটির আহ্বায়ক ড. মো.
তাজুল ইসলাম বলেন, শিক্ষার্থীদের দাবিগুলো
বিবেচনা করে এবং সামনে জাতীয় নির্বাচন
হওয়ায় আমরা আপাতত সমাবর্তন স্থগিত
রেখেছি। এ ছাড়া রেজিস্ট্রেশন ফি কতটুকু কম
করা যায়, সেই বিষয়টা আলোচনা করব।

জাতীয় নির্বাচনের পরে সমাবর্তন করা হবে।

এর আগে চলতি বছরের ২০ ডিসেম্বর
সমাবর্তনের তারিখ নির্ধারণ করা হলেও সেদিন
ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রথম
বর্ষের ভর্তি পরীক্ষা থাকায় তা পরিবর্তনের
সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে নতুন

করে আগামী ১৭ জানুয়ারি সমাবর্তনের তারিখ
ঘোষণা করা হয়েছিল।